

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য 'সুখবর'

১৮ জুলাই ২০২৩ ০৮:৪৯ পিএম  
আপডেট: ১৯ জুলাই ২০২৩ ০৮:৫৪ এএম

86  
Shares



এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরও বেতন বেড়েছে। ফাইল ছবি

advertisement..

সরকারি কর্মচারীদের পাশাপাশি বেসরকারি এমপিওভুক্ত (মাস্টলি পে-অর্ডার) শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরও বেতন বেড়েছে। তারাও ১ জুলাই থেকে মূল বেতনের ৫ শতাংশ প্রগতিশীল পাবেন। আজ মঙ্গলবার এ বিষয়ে এক প্রজ্ঞাপন জারি করেছে অর্থ মন্ত্রণালয়। তার আগে, একই মন্ত্রণালয় সরকারি কর্মচারীদের বেতনের ৫ শতাংশ বাড়িয়ে আলাদা প্রজ্ঞাপন জারি করে।

প্রজ্ঞাপনে বলা হয়, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা ১ জুলাই ২০২৩ থেকে প্রতিবছর ১ জুলাইয়ে প্রাপ্য বেতনের ৫ শতাংশ হারে 'বিশেষ সুবিধা' পাবেন। তবে এর পরিমাণ ১ হাজার টাকার কম হবে না।

advertisement

শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, সারা দেশে সাড়ে পাঁচ লাখের মতো এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আছেন। এর মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আছেন ৩ লাখ ৬৬ হাজারের বেশি। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আছেন ১ লাখ ৬৫ হাজারের মতো। আর কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আছেন ২০ হাজারেরও বেশি।

বর্তমানে সারা দেশে উচ্চবিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ও কারিগরি মিলিয়ে ২৯ হাজার ১৬৪টি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে।